গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ অধিশাখা

**অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) সভার কার্যবিবরণী**

**সভাপতি : মোহাম্মদ মানজারুল মান্নান**
**অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)**
**তারিখ ও সময় : ২০ ডিসেম্বর ২০২৩ খ্রি:, সকাল ১১.০০ টা**
**স্থান : প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের সভাকক্ষ**
**(কক্ষ নং ১৬২০, ১৬তলা, ভবন নং-১১)**

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে প্রদান করা হলো:

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, এ ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি গত ১৭ ডিসেম্বর ২০২৩ তারিখে হালনাগাদ করা হয়েছে। তিনি হালনাগাদকৃত সিটিজেন চার্টারটি যাচাই করেন এবং পরিবীক্ষণ কমিটির বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। নাগরিকদের/সেবাগ্রহীতাদের প্রদত্ত সেবার মান, জবাবদিহিতা, স্বচ্ছতা নিশ্চিত করার ওপর গুরুত্ব প্রদান করেন। তিনি সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীর মধ্যে যাতে ভাল আস্থা অর্জন করা যায় সে বিষয়ে সচেষ্ট থাকারও পরামর্শ প্রদান করেন। এছাড়া সিজিএ'র কার্যালয়সহ অর্থ বিভাগের ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত/অবহিতকরণ এবং সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার সংক্রান্ত সভা অব্যাহত রাখার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

৩। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব মোহাম্মদ রাসেলুল কাদের প্রস্তুতকৃত ত্রৈমাসিকভিত্তিতে (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত সিটিজেন চার্টারে মনিটরিং সেলের ৮৮ নং সেবাটি নতুনভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবিসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ করা হয়েছে। সভায় উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

৩.১। হালনাগাদকৃত সিটিজেন চার্টারটি (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) দ্রুত অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব, প্রশাসন-১ ও সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ)

৩.২। অর্থ বিভাগের সিটিজেন চার্টার প্রতি তিন মাস পরপর হালনাগাদ করে তা ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব (প্রশাসন-১) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ)

(অ: পৃ: দ্র:)

৩.৩। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ ও সেবাগ্রহীতাদের মতামত/অবহিতকরণ সংক্রান্ত সভা অব্যাহত রাখতে হবে
(বাস্তবায়নে-উপসচিব, বাজেট ও পরিকল্পনা-২, প্রশিক্ষণ শাখা ও সিজিএ কার্যালয়)

৩.৪। অর্থ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে সেবা প্রদানে স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখার জন্য প্রত্যেক শাখা/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সচেষ্ট থাকতে হবে।
(সংশ্লিষ্ট সকল কর্মকর্তা)

৩.৫। সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার তিন মাস পরপর হালনাগাদ করে তা ওয়েবসাইটে আপলোডপূর্বক অর্থ বিভাগকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(বাস্তবায়নে-সিজিএ কার্যালয়)

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১২/২০২৩
(মোহাম্মদ মানজারুল মান্নান)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৪.২৩- ৪৬৪

তারিখ: ০৫ পৌষ ১৪৩০ / ২০ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
(দৃ: আ: উপসচিব, সুশাসন অধিশাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড)
২। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৩। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ
৪। উপসচিব, বাজেট-১/প্রশাসন-২ /প্রশিক্ষণ/প্রশাসন-৪/বাজেট ও পরিকল্পনা-২, অর্থ বিভাগ
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ
৬। সভায় উপস্থিত কর্মকর্তা, জনাব ........................................................................অর্থ বিভাগ
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ
**(কার্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)**
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা
৯। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ

২০/১২/২০২৩
(মোহাম্মদ রাসেলুল কাদের)
উপসচিব ও ফোকাল পয়েন্ট
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

পরিশিষ্ট-"ক"

অদ্য ২০ ডিসেম্বর ২০২৩ তারিখ বুধবার সকাল ১১টায় অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের সভাপতিত্বে প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভায় (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) উপস্থিত কর্মকর্তাদের তালিকা

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নম্বর | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| (১) | জনাব মনির হোসেন চৌধুরী<br>যুগ্মসচিব (প্রশাসন) | ২০/১২/২৩ |
| (২) | জনাব মোহাম্মদ ইকতিদার আলম<br>উপসচিব (প্রশাসন-২) | ২০/১২/২৩ |
| (৩) | জনাব মো: হেলাল উদ্দীন<br>উপসচিব (বাজেট-১) | |
| (৪) | মিজ রওশন আরা লাবনী<br>উপসচিব (প্রশিক্ষণ) | Roushan ara 20/12/2023 |
| (৫) | জনাব মোহাম্মদ রাসেলুল কাদের<br>উপসচিব (প্রশাসন-৪) | ২০/১২/২০২৩ |
| (৬) | জনাব মো: আব্দুস সালাম শাহ<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ | 20/12/23 |